

## পরিশিষ্ট-২

## শর্ত সাপেক্ষে রপ্তানি পণ্য তালিকা

- ১০.১ সয়াবিন তেল, পাম অয়েল।
- ১০.২ ইউরিয়া ফার্টিলাইজার-কাফকো ব্যতীত অন্যান্য ফ্যাক্টরীগুলিতে প্রস্তুতকৃত ইউরিয়া ফার্টিলাইজার শিল্প মন্ত্রণালয়ের অনুমতির ভিত্তিতে রপ্তানি করা যাবে।
- ১০.৩ বিনোদনমূলক অনুষ্ঠান, গান, নাটক, ছায়াছবি, প্রামাণ্য চিত্র ইত্যাদি অডিও ক্যাসেট, ভিডিও ক্যাসেট, সিডি, ডিভিডি ইত্যাদি ফর্মে তথ্য মন্ত্রণালয়ের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে।
- ১০.৪ প্রাকৃতিক গ্যাস উদ্ভূত পেট্রোলিয়াম ও পেট্রোলিয়ামজাত পণ্য (যথাঃ- ন্যাপথা, ফারনেস অয়েল, বিটুমিন, কনডেনসেট, এমটিটি ও এমএস) জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অনাপত্তি সাপেক্ষে রপ্তানি করা যাবে। তবে কোন প্রকার শর্ত ব্যতিরেকে লুব্রিকেটিং ওয়েল রপ্তানি করা যাবে এবং এ ক্ষেত্রে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগকে রপ্তানির পরিমাণ বিষয়ক তথ্য অবগত করতে হবে।
- ১০.৫ রাসায়নিক অস্ত্র (নিষিদ্ধকরণ) আইন, ২০০৬ এর তফসিল ১, ২ ও ৩ এ বর্ণিত রাসায়নিক দ্রব্যাদি উক্ত আইনের ৯ ধারার বিধান মোতাবেক রপ্তানি নিষিদ্ধ বা রপ্তানিযোগ্য হবে।
- ১০.৬ চিনি।
- ১০.৭ ইলিশ মাছ।
- ১০.৮ সুগন্ধি চাল।
- ১০.৯ বাংলাদেশে চাহিদা নাই এমন মোটা দানার মুগ ডাল।
- ১০.১০ গবেষণার উদ্দেশ্যে রক্তের প্লাজমা।
- ১০.১১ বাণিজ্যিক ভিত্তিতে ব্যক্তিগত বা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত খামারে উৎপাদিত কুমিরের কাঁচা চামড়া ও মাংস পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মতি/ অনাপত্তির ভিত্তিতে বাণিজ্য মন্ত্রণালয় রপ্তানির অনুমতি প্রদান করবে।
- ১০.১২ ভ্যাট রেজিস্ট্রেশনের আওতায় পরিবেশ অধিদপ্তর কর্তৃক স্বীকৃত ব্যাটারি রি-সাইক্লিং প্লান্ট হতে উৎপাদিত Re-melted Lead রপ্তানিযোগ্য হবে।
- ১০.১৩ ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৪ ও পরবর্তী সংশোধনসমূহ অনুসরণ ও পরিবেশ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে রিকভারী, রিক্লেইমিং বা রিসাইক্লিংকৃত ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্য রপ্তানিযোগ্য হবে।
- ১০.১৪ বন্ডেড ওয়্যারহাউস সুবিধার আওতায় আমদানিকৃত চামড়া ইটিপির মাধ্যমে তরল ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনার আওতায় পরিবেশবান্ধব উপায়ে প্রক্রিয়াকরণ করত: পুনঃরপ্তানি করা যাবে।
- ১০.১৫ বালু